সমকাল

তারিখ 18 SEP 2017
পৃষ্ঠা ৭ কলাম ৪

ময়মনসিংহ মেডিকেল কলেজ

# শিক্ষার্থীদের ৬ দফা দাবি বাস্তবায়নের আশ্বাস

■ ময়মনসিংহ ব্যুরো

হোস্টেলের নিরাপত্তাসহ ছয় দফা দাবিতে নিজেদের আন্দোলন অব্যাহত রেখেছেন ময়মনসিংহ মেডিকেল কলেজের শিক্ষার্থীরা। রোববারও সকাল ৭টা থেকে দুপুর ২টা পর্যন্ত কলেজের প্রধান ফটকে তালা দিয়ে বিক্ষোভ করেছেন শিক্ষার্থীরা। এরই মধ্যে গতকাল দুপুরে একাডেমিক কাউন্সিলের এক সভা শেষে আগামী সাত দিনের মধ্যে শিক্ষার্থীদের এসব দাবি মেনে নেওয়ার আশ্বাস দেওয়া হয়েছে।

শিক্ষার্থীদের ছয় দফা দাবিকে যৌক্তিক উল্লেখ করে কলেজ কর্তৃপক্ষ জানায়, আগামী সাত দিনের মধ্যে চার দফা এবং অপর দুই দফা দাবি পর্যায়ক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত হয়েছে।

এ ব্যাপারে কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক ডা. আ ন ম ফজলুল হক খান পাঠান জানান, প্রাথমিকভাবে আগামী সাত দিনের মধ্যে হোস্টেলে অস্থায়ী পুলিশ ক্যাম্প, সিসি ক্যামেরা স্থাপন, মহিলা হোস্টেলের গেট সংস্কার, শিক্ষার্থীদের আইডি কার্ড দেওয়া হবে। গত ১৪ সেপ্টেম্বর মেডিকেল হোস্টেলের সেপটিক ট্যাঙ্কে জাহাঙ্গীর নামের এক যুবকের লাশ উদ্ধার করে পুলিশ। এ ঘটনার পর শিক্ষার্থীরা নিরাপত্তার দাবিতে গত শনিবার থেকে ক্লাস বর্জন করে আন্দোলন করছেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| ডক. পরিসংখ্যান বিভাগ | |
| চীফ. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/অবগত্যর্থে

স্বাক্ষর